

শিরোনামঃ



‘অসামান্য সেবা পদক’ পেলেন পায়রা বন্দরের চেয়ারম্যান

প্রকাশিত: ২৩-১১-২০২২ ০০:০৫

আপডেট: ২৩-১১-২০২২ ০০:০৫

নিজস্ব প্রতিবেদক: নৌবাহিনীসহ দেশের উন্নয়নে প্রশংসনীয় অবদানের জন্য বাংলাদেশ সরকারের ‘অসামান্য সেবা পদক’ পেয়েছেন পায়রা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার অ্যাডমিরাল এম সোহায়েল। সোমবার (২১শে নভেম্বর) সশস্ত্র বাহিনী দিবস উপলক্ষে নৌ সদর ‘সাগরিকা’ হলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার পক্ষ থেকে নৌবাহিনী প্রধান তাকে এ পদক তুলে দেন।

বঙ্গবন্ধু সামরিক জাদুঘর নির্মাণ কাজের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালনের সময় রিয়ার অ্যাডমিরাল এম সোহায়েল বাংলাদেশের নৌবাহিনীর গৌরবময় ইতিহাস জাদুঘরে তুলে ধরেন। এছাড়া মুক্তিযুদ্ধের গৌরবময় ইতিহাস, সাফল্যের নিদর্শনও গুরুত্বের সঙ্গে জাদুঘরে রাখা হয়। জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের অসাধারণ হলোগ্রাফি তৈরি করে আলোড়ন সৃষ্টি করেন তিনি।

পাশাপাশি নৌবাহিনীর অপারেশন, আধুনিকায়ন ও উন্নয়নমূলক কাজের ক্ষেত্রেও অনবদ্য ভূমিকা রয়েছে তার। সাবমেরিন সংরক্ষণের পাশাপাশি নৌবাহিনীর সার্বিক উন্নতি ও নিরাপত্তা বিধানেও গুরুত্বপূর্ণ অবদান রাখেন মোহাম্মদ সোহায়েল। তিনি ন্যাভাল স্কুল অব ইন্টেলিজেন্স প্রতিষ্ঠা করেন।

এর আগেও তিনি সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব কৃতিত্বের সাথে পালন করেছেন।

rocky/habib

